যুগান্তর

তারিখ ...... 6 APR 2009
পৃষ্ঠা ... ৩ ... কলাম ... ২

# পাবলিক বিশ্ববিদ্যালয়ে সব ধরনের নিয়োগে ফের নিষেধাজ্ঞা জারি

যুগান্তর রিপোর্ট

দেশের বিভিন্ন পাবলিক বিশ্ববিদ্যালয়ে বিভিন্ন ধরনের নিয়োগে সরকারি নিষেধাজ্ঞা ফের জারি করা হয়েছে। তবে নতুন বিশ্ববিদ্যালয় এবং যেসব বিশ্ববিদ্যালয়ের জনবল কাঠামো এখনও তৈরি বা পাস হয়নি, তাদের ব্যাপারে শর্ত কিছুটা শিথিল করা হয়েছে। ওইসব বিশ্ববিদ্যালয় নিয়োগ দিতে পারবে, কিন্তু এক্ষেত্রে সরকারি অনুমতি নিতে হবে। আর এক্ষেত্রে নিয়োগ বিজ্ঞপ্তি অবশ্যই সংবাদপত্রে প্রকাশ করতে হবে।

ইতিপূর্বে ২০০৬ সালের ২৮ জুন সরকার এই নিষেধাজ্ঞা আরেকবার জারি করেছিল। তখন বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের উপাচার্যরা নানাভাবে সুবিধা নিয়ে লাগামহীনভাবে নিয়োগ বাণিজ্য শুরু করেছিল। নতুন প্রশাসনের আমলে এখন পর্যন্ত নিয়োগের নামে তেমন কোন অভিযোগ ওঠেনি। তবে বড় কয়েকটি বিশ্ববিদ্যালয়ে ইতিমধ্যে বিজ্ঞপ্তির অতিরিক্ত আর এডহকের নামে কিছু নিয়োগ প্রক্রিয়া শুরু হয়েছে। সূত্র জানায়, অভ্যন্তরীণ অভিযোগের প্রেক্ষিতে সরকার এই বিধি-নিষেধ সংবলিত পরিপত্র জারি করল। পাশাপাশি আগে থেকে জারিকৃত নিষেধাজ্ঞার কারণে নতুন বিশ্ববিদ্যালয়গুলো প্রয়োজন সত্ত্বেও নিয়োগ দিতে পারছিল না। মূলত তাদের ব্যাপারে নির্দেশনা দিতে জারি করা হয়েছে এই নতুন আদেশ।

নতুন আদেশ অনুযায়ী, এখন থেকে বিশ্ববিদ্যালয়ে অনুমোদিত পদের বাইরে শিক্ষক-কর্মকর্তা-কর্মচারী নিয়োগ করা যাবে না। এমনকি স্বায়ত্তশাসনের দোহাই দিয়েও সিন্ডিকেটে পদ সৃষ্টি করে নিয়োগ দেয়া যাবে না।